**প্রথম শ্রেণীভুক্ত কর্মচারী অপেক্ষা নিম্ন শ্রেণীভুক্ত কোন কর্মচারী উধ্বতন কম। ধ্বতন কর্তপক্ষের বিশেষ আদেশের প্রেক্ষিতে প্রাপ্য নয় এমন কোন বিশেষ যানবাহনে ভ্রমণ করিলে এবং ইহার ব্যয় সাধারণ বিধি মা্েতাবেক তাহার প্রাপ্য দৈনিক ভাতা ও পথভাড়া ভাতার অধিক হইলে, তিনি উক্ত প্রাপ্য দৈনিক ভাতা বা পথভাড়া ভাতার পরিবর্তে প্রকৃত ব্যয় পাইবেন। প্রকৃত ব্যয়ের উক্ত বিলে ঊর্ধ্বতন কর্তৃপক্ষ স্বাক্ষরিত ও নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরিত এই মর্মে প্রত্যয়ন পত্র সংযুক্ত করিতে হইবে যে, এই বিশেষ যান ব্যবহার অপরিহার্য ছিল এবং এই অবস্থা বর্ণনা করিতে হইবে।**

বাংলাদেশ সার্ভিস রুলস, দ্বিতীয় খণ্ডে যে সব বিধিতে দৈনিক ভাতা গ্রহণে বিধি নিষেধ বর্ণিত আছে তাহা নিম্নে প্রদত্ত হইল :

**বিধি–৫৫।** সদর দপ্তর হইতে অনুপস্থিতিকালীন সময়ের দৈনিক সাধারণ ব্যয় মিটানা্ের জন্য প্রতিদিন অনুপস্থিতির জন্য প্রদত্ত ভাতাকে দৈনিক ভাতা বলে ।

পরিভ্রমণকালে সড়ক পথে ভ্রমণের জন্য দৈনিক ভাতা দাবী করা হইলে সদর দপ্তর হইতে যাত্রা আরম্ভের এবং সদর দপ্তরে প্রত্যাবর্তনের দিনে যে দূরত্ব পর্যন্ত ভ্রমণ করা হয়, তাহা বিলে উল্লেখ করিতে হইবে। | ফান্ডামেন্টাল রুলস্ এর সাবসিডিয়ারী রুলস্ ৭৬ নং বিধির সরকারী সিদ্ধান্তের অংশে দৈনন্দিন সাধারণ ব্যয় সম্পর্কে বলা হইয়াছে যে, অবস্থান স্থানের পাঁচ মাইলের মধ্যে ভ্রমণের জন্য পথ ভাড়া প্রাপ্য হয় না বিধায় উক্ত পাঁচ মাইলের মধ্যে ভ্রমণের ব্যয় এই দৈনন্দিন সাধারণ ব্যয়ের অন্তর্ভুক্ত।

**বিধি–৫৬।** এই বিধিমালায় স্পষ্টভাবে অন্যরূপ বিধান না থাকার ক্ষেত্রে যে সকল কর্মচারীর দায়িত্ব হইল ভ্রমণ করা, ঐ সকল কর্মচারীগণ পরিভ্রমণকালে দৈনিক ভাতা উত্তোলন করিবেন এবং ভ্রমণে না থাকিলে দৈনিক ভাতা উত্তোলন করিতে পারিবেন না। |

**বিধি–৫৮।** সদর দপ্তর হইতে অনুপস্থিতি কাল ২৪ ঘন্টার বেশী না হওয়া সত্ত্বেও যদি যাত্রার আরম্ভ এবং যাত্রার সমাপ্তি দুইটি পৃথক পঞ্জিকা দিনে হয়, তাহা হইলে একটি মাত্র দৈনিক ভাতা পাইবে। |

**বিধি–৫৯।** এর ব্যাখ্যায় বলা আছে যে, অর্থ মন্ত্রণালয়ের ১–১০–১৯৭৬ তারিখের অম/প্রবি–২/ভাতা–৫৫/৭৬–৩০৫ স্মারক অনুযায়ী পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে ভ্রমণের জন্য ভ্রমণভাতা এবং দৈনিক ভাতা (টিএ/ডিএ)–এর হার (অব্যয় বহুল) স্থানের ভ্রমণ ভাতা এবং দৈনিক ভাতা (টি/এ/ডিএ) এর হারের দ্বিগুণ হইবে।

**বিধি–৬১।** প্রথম শ্রেণীভুক্ত কর্মচারী অপেক্ষা নিম্ন শ্রেণীভুক্ত কোন কর্মচারী উধ্বতন কম। ধ্বতন কর্তপক্ষের বিশেষ আদেশের প্রেক্ষিতে প্রাপ্য নয় এমন কোন বিশেষ যানবাহনে ভ্রমণ করিলে এবং ইহার ব্যয় সাধারণ বিধি মা্েতাবেক তাহার প্রাপ্য দৈনিক ভাতা ও পথভাড়া ভাতার অধিক হইলে, তিনি উক্ত প্রাপ্য দৈনিক ভাতা বা পথভাড়া ভাতার পরিবর্তে প্রকৃত ব্যয় পাইবেন। প্রকৃত ব্যয়ের

উক্ত বিলে ঊর্ধ্বতন কর্তৃপক্ষ স্বাক্ষরিত ও নিয়ন্ত্রণকারী কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরিত এই মর্মে প্রত্যয়ন পত্র সংযুক্ত করিতে হইবে যে, এই বিশেষ যান ব্যবহার অপরিহার্য ছিল এবং এই অবস্থা বর্ণনা করিতে হইবে।

**সদর দপ্তর হইতে পাঁচ মাইলের অধিক দূরত্বে সরকারী কাজে অবস্থান করিলে নিম্নোক্ত ক্রমবর্ধমান হারে দৈনিক ভাতা পাইবেন:**

(ক) প্রথম দশ দিন পাইবেন পূর্ণ হারে।

(খ) পরবর্তী বিশ দিন পাইবেন সাধারণ হারের তিন চতুর্থাংশ হারে।

(গ) পরবর্তী সময়ে পাইবেন সাধারণ হারের অর্ধহারে।

তবে দৈনিক ভাতার হার কোনক্রমেই সংশ্লিষ্ট কর্মচারীর পরবর্তী নিম্ন গ্রেডের কর্মচারীর সাধারণ হারে প্রাপ্য সর্বনিম্ন ভাতা অপেক্ষা কম হইবে না। [এফ আর এর এস আর-৭৩ এর সরকারী আদেশ]।